

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটঘরিয়া, পাবনা

স্মারক নং-০৫.৪৩.৭৬০৫.০০০.৩২.০১৫.২০২৩-৬২১

তারিখ : ২৭ সেপ্টেম্বর ২০২৩

উন্নত নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাবনা জেলার আটঘরিয়া উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্থানে ঝড়ে পড়া, মরা, হেলে পড়া, উপড়ানো বিভিন্ন প্রজাতির সর্বমোট ৩৫ (পঁয়ত্রিশ) টি গাছ আগামী ০৯ অক্টোবর ২০২৩ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে নিলাম কমিটির উপস্থিতিতে উন্নত নিলাম ডাক অনুষ্ঠিত হবে। উক্ত গাছগুলো ক্রয়ে আঞ্চলিকগণকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে উন্নত নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

- ১। নিলামে অংশগ্রহণের জন্য নিলাম ডাকের দিন বেলা ১২.০০ ঘটিকার মধ্যে ২০,০০০/- (বিশহাজার) টাকা জামানত হিসাবে জমা দিতে হবে।
- ২। নিলামের চুক্তির সমুদয় টাকা ডাক শেষ হওয়ার সাথে সাথেই জমা দিতে হবে।
- ৩। নিলাম চুক্তিমূল্যের উপর ১৫% ভ্যাট এবং ১০% আয়কর ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক, আটঘরিয়া শাখায় জমা দিতে হবে।
- ৪। চিহ্নিত গাছ ব্যতিরেকে অন্য গাছ কর্তৃন করা যাবে না।
- ৫। উপরোক্ত ১-৩ নং শর্ত পূরণ সাপেক্ষে কার্যাদেশ দেয়া হবে।
- ৬। কার্যাদেশ প্রাপ্তির ০৭ দিনের মধ্যে চিহ্নিত গাছ অপসারণ করতে হবে।
- ৭। চিহ্নিত গাছ অপসারণ করার সময় অন্য কোন ক্ষতি হলে তার ক্ষতিপূরণ দিতে হবে।
- ৮। কর্তৃপক্ষ নিলাম ডাক গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

Xinor
২৭/৯/২৩

(মোঃ নাহারুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
আটঘরিয়া, পাবনা

ও

সভাপতি
গাছ বিক্রয় নিলাম কমিটি।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। জেলা প্রশাসক, পাবনা
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটঘরিয়া, পাবনা
- ০৩। মেয়ার, আটঘরিয়া পৌরসভা, আটঘরিয়া, পাবনা
- ০৪। সহকারী পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
- ০৫। ফরেস্টার, সামাজিক বন বাগান কেন্দ্র, আটঘরিয়া, পাবনা
- ০৬। উপজেলা অফিসার, আটঘরিয়া, পাবনা
- ০৭। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল), আটঘরিয়া, পাবনা
- ০৮। সভাপতি, প্রেসক্লাব/সাংবাদিক সমিতি/রিপোর্টার্স ইউনিট, আটঘরিয়া, পাবনা
- ০৯। জনাব.....
..... আটঘরিয়া, পাবনা
- ১০। নোটিশ বোর্ড।